# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 30 June, 2025

নেত্রকোণার দুর্গাপুর উপজেলার প্রত্যন্ত কাকৈরগড়া উচ্চ বিদ্যালয়ে চালু হলো ব্যতিক্রমী এক উদ্যোগ–'সততা স্টোর'।যেখানে নেই কোনো বিক্রেতা, নেই কোনো নজরদারি।শিক্ষার্থীরা নিজেদের প্রয়োজন অনুযায়ী খাতা, কলম কিংবা খাদ্যসামগ্রী সংগ্রহ করে নির্ধারিত মূল্যের টাকা রেখে যাচ্ছেন একটি নির্ধারিত বাক্সে।

সোমবার (৩০ জুন) দুপুরে দুর্নীতি দমন কমিশন (দুদক) ময়মনসিংহ অঞ্চলের অর্থায়নে আনুষ্ঠানিকভাবে এ দোকান উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. নাভিদ রেজওয়ানুল কবীর।তিনি বলেন, "ছাত্রজীবন থেকেই যদি নৈতিক শিক্ষা দেওয়া যায়, তাহলে ভবিষ্যতে তারা আত্মনির্ভরশীল ও সৎ নাগরিক হিসেবে গড়ে উঠবে।দুদকের এই উদ্যোগ সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।"

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দুদকের উপ-সহকারী পরিচালক মো. শাহাদাত হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বজলুর রহমান আনসারী, প্রেসক্লাব সভাপতি তোবারক হোসেন খোকন, উপজেলা একাডেমিক সুপারভাইজার মুহাম্মদ নাসির উদ্দিন, বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি হাজী মো. আকবর আলী মিয়া তালুকদার এবং প্রধান শিক্ষক মো. শরাফত খানসহ বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

শিক্ষার্থীরা জানান, এই স্টোর শুধু কেনাকাটার জায়গা নয়, বরং এটি সততার এক বাস্তব পরীক্ষা।তারা বলেন, "নিজেদের সততা প্রকাশের সুযোগ পেয়ে আমরা গর্বিত।অন্যায় করবো না, অন্যায়কে প্রশ্রয়ও দেব না।"

দুদকের পক্ষ থেকে জানানো হয়, ‘সততা স্টোর’ কেবল একটি দোকান নয়, এটি নতুন প্রজন্মের নৈতিক শিক্ষার এক অনন্য পাঠশালা, যেখানে শেখানো হয় বিশ্বাস, আত্মনিয়ন্ত্রণ ও বিবেকের মূল্য।উপজেলা প্রশাসন জানিয়েছে, ভবিষ্যতে দুর্গাপুরের আরও শিক্ষাপ্রতিষ্ঠানে এমন উদ্যোগ ছড়িয়ে দেওয়ার পরিকল্পনা রয়েছে।

দুদক শিক্ষার্থী বিদ্যালয় শিক্ষক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 01 July, 2025 10:46

URL: https://www.timestodaybd.com/mymensingh/3079513987